

কালের কর্ত্ত

আপডেট : ১ মার্চ, ২০১৯ ০১:৪৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ছাত্রলীগে সংঘর্ষ ভাঙ্গুর আগুন আহত ৮



বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা নিয়ে গতকাল চট্টগ্রামের সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজে ছাত্রলীগের দুই গ্রন্থপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। ছবি : কালের কর্ত্ত

মামুলি ঘটনাকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ছাত্রলীগের দুই গ্রন্থে সংঘর্ষ, মোটরসাইকেলে আগুন ও হলের কক্ষ ভাঙ্গুরের ঘটনা ঘটেছে। বুধবার রাত থেকে গতকাল বৃহস্পতিবার বিকেল পর্যন্ত দফায় দফায় এ সংঘর্ষে আহত হয়েছে আটজন।

এ ছাড়া চট্টগ্রামে হাজী মুহাম্মদ মহসিন কলেজে সংঘর্ষে জড়িয়েছে কলেজ ছাত্রলীগের দুই গ্রুপ। পৃথক ঘটনায় টাঙ্গাইলে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হলে ছাত্রলীগের চার নেতার কক্ষ থেকে দুটি পিস্তল উদ্ধার করেছে পুলিশ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, বুধবার রাত থেকে গতকাল বৃহস্পতিবার বিকেল পর্যন্ত ছাত্রলীগের দুই গ্রুপ দফায় দফায় সংঘর্ষে লিপ্ত হয়। দুটি গ্রুপই বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বগিভিত্তিক সংগঠন বিজয় ও সিএফসি গ্রুপ।

জানা যায়, বুধবার রাত সাড়ে ৮টার দিকে ক্যাম্পাসে শাহ আমানত হলের সামনে দোকানে বসাকে কেন্দ্র করে বিজয় গ্রুপের কর্মী কাকনকে মারধর করে সিএফসি গ্রুপের কর্মীরা। এর জের ধরে বিজয় গ্রুপের কর্মীরা শোয়েবুর রহমান কনক নামের একজনকে মারধর করে। পরে দুই গ্রুপ সোহরাওয়ার্দী ও শাহ আমানত হলে অবস্থান নিয়ে ইটপাটকেল ছুড়তে থাকে। একপর্যায়ে বিজয় গ্রুপের কর্মীরা প্রতিপক্ষের একটি মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেয়। এ সময় পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ করে। এর জের ধরে গতকাল বিকেল ৩টার দিকে সিএফসি গ্রুপ সোহরাওয়ার্দী হলে বিজয় গ্রুপের ওপর হামলা চালালে ছয়জন আহত হয়। হামলাকারীরা ২০টি কক্ষও ভাঙ্চুর করে। পরে পুলিশ পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনে।

বিজয় গ্রুপের নেতা জাহেদুল আওয়াল বলেন, ‘বুধবার রাতের ঘটনা সমাধান হয়ে যাওয়ার পরও ওরা আমাদের ওপর হামলা চালায়। তারা বেশ কয়েকটি কক্ষ ভাঙ্চুর এবং তিনটি ল্যাপটপ ও একটি আইফোন লুট করে।’

সিএফসি গ্রুপের নেতা রেজাউল হক রংবেল বলেন, ‘বিজয় গ্রুপের কর্মীরা ক্যাম্পাসে মাদকের বিস্তার ঘটাচ্ছিল। তাই আমাদের কর্মীরা তাদের ধাওয়া দিয়ে হল থেকে বের করে দেয়।’

চট্টগ্রাম থেকে নিজস্ব প্রতিবেদক জানান, চট্টগ্রাম হাজী মুহাম্মদ মহসিন কলেজে গতকাল সকালে এইচএসসির এক পরীক্ষার্থীকে ধাক্কা দেওয়াকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ হয়। প্রত্যক্ষদর্শী মামুন বলেন, কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার মাঠে সকাল সাড়ে ১০টার দিকে ছাত্রলীগের সালাহ উদ্দীন গ্রুপের এক কর্মী এইচএসসি পরীক্ষার্থী ইমাদকে ধাক্কা দেয় কলেজ ছাত্রলীগ নেতা মিজান গ্রুপের কর্মীরা। এর জের ধরে দুপুর পৌনে ১টার দিকে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। ধাওয়া-পাল্টাধাওয়ার একপর্যায়ে পুলিশ এসে পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনে।

ভুগ্রপুর (টাঙ্গাইল) প্রতিনিধি জানান, টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে একটি কক্ষে অভিযান চালিয়ে দুটি পিস্তল ও একটি ম্যাগাজিন উদ্ধার করেছে পুলিশ। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের চার নেতা ওই কক্ষের আবাসিক ছাত্র। বুধবার রাত ১০টার দিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উপস্থিতিতে ওই অভিযান চালানো হয়।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,